# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 15-03-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ পশ্চিমবঙ্গ সহ ৫ রাজ্যের বিধানসভা নির্বাচনের দিনক্ষণ ঘোষণা আজ। বিকেলে নতুনদিল্লির বিজ্ঞানভবনে নির্বাচন কমিশনের সাংবাদিক বৈঠক।

২/ অযথা আতঙ্কিত হয়ে গ্যাস বুকিং-এর জন্য ডিস্ট্রিবিউটরদের দোকানের সামনে ভিড় না করতে সাধারণ মানুষের কাছে আবারো আবেদন রাখলো কেন্দ্র।

# পাইপ বাহিত রান্নার গ্যাস সংযোগ থাকলে LPG সিলিন্ডার বুকিং করা যাবে না।

৩/রক্ষণাবেক্ষনের কাজের জন্য আজ পূর্বরেলের হাওড়া ডিভিশনের বিভিন্ন সেকশনে ট্রেন চলাচল বিঘ্নিত। মেরামতির জন্য সন্ধে ৬টা পর্যন্ত বন্ধ রয়েছে দ্বিতীয় হুগলি সেতু।

৪/ রাজ্যে আলুর দাম তলানিতে। চরম উদ্বেগে কৃষকরা।

৫/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক ক্রেতা সুরক্ষা দিবস উদযাপিত হচ্ছে।

৬/ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস ।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ সহ ৫টি রাজ্যের বিধানসভা নির্বাচনের দিনক্ষণ আজই ঘোষণা করা হবে। বিকেল ৪টে তে দিল্লির বিজ্ঞানভবনে এজন্য সাংবাদিক বৈঠক ডেকেছে নির্বাচন

কমিশন। উপস্থিত থাকবেন মুখ্য নির্বাচনী কমিশনার জ্ঞানেশ কুমারসহ কমিশনের ফুল বেঞ্চ।

পশ্চিমবঙ্গ ছাড়াও আজ অসম, তামিলনাড়ু, কেরালম এবং কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরিতে বিধানসভা নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করা হবে ।

২৯৪ আসন বিশিষ্ট পশ্চিমবঙ্গ বিধানসভার মেয়াদ শেষ হবে ৭ই মে।

১২৬ আসন বিশিষ্ট অসম বিধানসভার মেয়াদ শেষ হবে ২০শে মে। কেরালা বিধানসভার মেয়াদ শেষ হবে ২৩শে মে -- সেখানে রয়েছে ১৪০টি আসন। তামিলনাড়ু বিধানসভায় রয়েছে ২৩৪টি আসন , ওই রাজ্যের আইনসভার মেয়াদ শেষ হবে ১০ই মে। ৩০ আসন বিশিষ্ট পুদুচেরি বিধানসভার শেষ হবে ১৫ই জুন।

oooooooooooooooooooooooo

রান্নার গ্যাস বুকিং-এর ক্ষেত্রে অযথা আতঙ্কিত হয়ে ডিস্ট্রিবিউটরদের দোকানের সামনে ভিড় না করতে সাধারণ মানুষের কাছে আবেদন রেখেছে কেন্দ্র। পেট্রোলিয়াম মন্ত্রকের যুগ্ম সচিব সুজাতা শর্মা আবারো বলেছেন, শহরাঞ্চলে ২৫দিন পর এবং গ্রামাঞ্চলে ৪৫ দিন পর সিলিন্ডার বুক করা যাবে। ফোন মারফত বা অন্যান্য ডিজিটাল পন্থায় বুকিং এর কাজ করলেই হবে।

বাইট -সুজাতা শর্মা

এদিকে, পাইপ বাহিত রান্নার গ্যাস সংযোগ থাকলে এল পি জি সিলিন্ডার বুকিং করা যাবে না বলে কেন্দ্র জানিয়েছে।

ooooooooooooooooooooooo

কলকাতার গিরিশ পার্কে গতকাল বিজেপি ও তৃণমূলের কর্মীদের সংঘর্ষের ঘটনায় পুলিশ কমিশনারের কাছে রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন। ওই ঘটনায় কেন্দ্রীয় বাহিনীকে কেন কাজে লাগানো হয়নি, তাও জানতে চাওয়া হয়েছে।

উল্লেখ্য, ব্রিগেডে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভায় বিজেপি কর্মীদের যাওয়ার সময় গিরিশ পার্কে সঙ্ঘর্ষে এখনও পর্যন্ত ৯' জনকে গ্রেফতার করা হয়েছে। দু'পক্ষই একে অপরের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করেছে।

এদিকে, গতকাল সন্ধেয় পশ্চিমবঙ্গের মন্ত্রী শশী পাঁজার বাড়িতে যান ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখোপাধ্যায়। অশান্তির ঘটনায় ৮ পুলিশকর্মী জখম হয়েছেন বলে পুলিশ জানিয়েছে। দুজন এখনো হাসপাতলে চিকিৎসাধীন। দু'পক্ষের বেশ কয়েকজন কর্মী সমর্থকও আহত হয়েছেন। বিজেপির উত্তর কলকাতা জেলার সভাপতি তমোঘ্ন ঘোষ ইটের ঘায়ে আহত হয়ে হাসপাতালে ভর্তি। চোট লাগে মন্ত্রী শশী পাঁজার'ও।

এদিকে দলীয় কর্মীদের গ্রেফতারের প্রতিবাদে গতরাতে সজল ঘোষের নেতৃত্বে বরানগর থানা ঘেরাও করে বিক্ষোভ দেখায় বিজেপি। ব্রিগেডমুখী বাসে হামলার তীব্র নিন্দা করেছে বিজেপি। দলের প্রাক্তন রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেন, রাজ্যের মন্ত্রীর নির্দেশেই তাঁর ঘনিষ্ঠরা এই হামলার সঙ্গে জড়িত। ব্রিগেডে মানুষের ঢল দেখে আতঙ্কিত হয়েই এই আক্রমণ বলে তিনি উল্লেখ করেন।

কলকাতার একটি হাসপাতালে আহত দলীয় কর্মিদের দেখতে যান সুকান্তবাবু।

রাজ্যের বিভিন্ন জায়গায় পুলিশ বিজেপি কর্মীদের ব্রিগেডের সভায় আসতে বাধা দিয়েছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। তিনি বলেন, শাসক দলের হামলার দলের অন্ততঃ ১২ জন কর্মী আহত হয়েছেন।

এদিকে গতকাল সাংবাদিক বৈঠকে মন্ত্রী শশী পাঁজা বলেন, নজিরবিহীনভাবে রাজ্যের মন্ত্রীর উপর হামলা হয়েছে। মহিলারাও হামলা থেকে বাদ যাচ্ছেন না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ডিজিটাল অ্যারেস্ট’-এর ভয় দেখিয়ে পুরুলিয়ার বলরামপুর থানা এলাকার এক বাসিন্দার কাছ থেকে ১৮ লক্ষ টাকারও বেশি প্রতারণার অভিযোগ উঠেছে একটি চক্রের বিরুদ্ধে। অভিযোগের ভিত্তিতে পুরুলিয়া সাইবার ক্রাইম পুলিশ তদন্ত শুরু করলে গত ১৩ মার্চ পূর্ব বর্ধমানের কাটোয়া থানার ঘোষহাটি এলাকা থেকে বিমল কুমার পাটোয়ারি নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। শনিবার তাকে পুরুলিয়া জেলা কোর্টে পেশ করা হলে আদালত পাঁচ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেয়। পুলিশ জানিয়েছে, ঘটনার সঙ্গে আরও বড় চক্র জড়িত থাকতে পারে।

অন্যদিকে সাইবার অপরাধ সম্পর্কে সচেতনতা বাড়াতে হাওড়া গ্রামীণ জেলা পুলিশের সাইবার ক্রাইম শাখা শ্যামপুর সিদ্ধেশ্বরী মহাবিদ্যালয়ে সাইবার সেফটি সচেতনতা শিবির আয়োজিত করে। যেখানে অনলাইন প্রতারণা থেকে বাঁচার উপায় ও অভিযোগ জানানোর পদ্ধতি জানিয়ে সচেতন করা হয়।

oooooooooooooooooooooooo

রক্ষণাবেক্ষণ কাজের জন্য পূর্ব রেলের হাওড়া ডিভিশনের বিভিন্ন সেকশনে আজ ট্র্যাফিক ব্লক থাকবে। এই কারণে ওই ডিভিশনের বিভিন্ন সেকশনে ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। হাওড়া থেকে ১৬’টি, বর্ধমান থেকে ৮ টি, ব্যান্ডেল থেকে ৬’টি, কাটোয়া থেকে ৩’টি, আসানসোল, চন্দনপুর থেকে ২’টি করে এবং অন্ডাল, আজিমগঞ্জ, শিয়ালদা, মেমারি, পান্ডুয়া ও শেওড়াফুলি থেকে ১টি ট্রেন বাতিল থাকবে।

এছাড়া বেশ কিছু ট্রেনের সময় সূচি পরিবর্তন ও কিছু ট্রেনের চলার পথে নিয়ন্ত্রণ করা হচ্ছে বলে রেল সূত্রের খবর।

ooooooooooooooooooooooooo

জরুরি রক্ষণাবেক্ষণ ও মেরামতির কাজের জন্য কলকাতা এবং হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু আজ আরো এক দফায় বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া

হয়েছে। সন্ধ্যে ছটা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে সব ধরনের যান চলাচল সম্পূর্ণ বন্ধ রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের কাটোয়ায় সরকারি প্রকল্পের কাজ করে টাকা না পাওয়ায় এক ঠিকাদার আত্মঘাতী হয়েছেন বলে অভিযোগ উঠেছে। সমীর মন্ডল নামে ওই ব্যক্তি কাটোয়ার মোস্তাফাপুরের বাসিন্দা। সরকারি প্রকল্পের কাজ করতে গিয়ে বাজারে প্রায় ১৫লক্ষ টাকা ঋণ ছিল ওই ব্যক্তির। কিন্তু একাধিক কাজ সম্পূর্ণ করলেও পঞ্চায়েতের তরফে টাকা মেটানো হয়নি। মানসিক চাপ থেকেই তিনি আত্মহননের পথ বেছে নেন বলে পরিবারের অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার কৃষকদের কাছ থেকে কুইন্টাল প্রতি ৯৫০ টাকা দামে আলু কেনার কাজ শুরু করেছে। গত পয়লা মার্চ থেকে হিমঘর গুলিতে আলু সংরক্ষণ প্রক্রিয়া শুরু হওয়ার পরে এখনো পর্যন্ত মাত্র বারো শতাংশ আলু সংরক্ষণ করা হয়েছে বলে সম্প্রতি নবান্ন থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। পাশাপাশি হিমঘরগুলিতে ধারণ ক্ষমতার তিরিশ শতাংশ স্থান ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে। রাজ্যের হিমঘরগুলিতে ৮২ লক্ষ ম্যাট্রিক টন আলু রাখার ধারণ ক্ষমতা রয়েছে।

এদিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সামাজিক মাধ্যমের এক পোস্টে বলেছেন, আন্তঃরাজ্য বাণিজ্যে কোনও নিষেধাজ্ঞা নেই। রাজ্যের মানুষকে বঞ্চিত না করে অন্য রাজ্যে আলু রফতানি করতে চাইলে, রাজ্য সরকার কৃষকের স্বার্থে কোনও বাধা দেবে না।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আলু চাষের খরচ না ওঠায় পূর্ব বর্ধমানের গলসির রামনগর গ্রামে এক কৃষক আত্মঘাতী হয়েছেন। বুলবুল মন্ডল নামে ঐ ব্যক্তির ঝুলন্ত দেহ গতকাল তাঁর বাড়ি থেকে উদ্ধার হয়েছে। ময়নাতদন্তের জন্য দেহ বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। মৃতের পরিবারের তরফে জানানো হয়েছে, ঋন নিয়ে নিজের এক বিঘা এবং ভাগের চার বিঘা জমিতে আলু চাষ করেছিলেন। ঋণ নিয়ে আলু চাষ করার পর আলু দাম না মেলায় প্রভূত লোকসানের মুখে পড়েন তিনি।

বিজেপি এই ঘটনার জন্য তৃনমুল কংগ্রেস কে দায়ি করেছে। তাদের দাবি, তৃনমুল কংগ্রেসের ভ্রান্ত নীতির কারণে কৃষকদের ক্ষতি হয়েছে।

জেলা কৃষি দপ্তর সূত্রে জানা গিয়েছে, এবারে ৬৯ হাজার হেক্টর জমিতে আলুর চাষ হয়েছে। এবারে আবহাওয়া অনুকূল থাকায় উৎপাদন ভালো হয়েছে। কিন্তু আলুর দাম না থাকায় সঙ্কটে পড়েছেন কৃষকরা। রাজ্য সরকার সাড়ে ন' টাকা কেজি দরে আলু কেনার কথা ঘোষনা করেছে। কিন্তু বিভিন্ন জায়গায় আলু বিক্রির টোকেন বন্টন নিয়ে অনিয়মের অভিযোগ উঠেছে। এনিয়ে কৃষকরা একাধিক জায়গায় বিক্ষোভও দেখাচ্ছেন।

oooooooooooooooooooooo

ক্ষতির মুখে পড়েছেন মুর্শিদাবাদের আলু চাষিরাও। বড়ঞা,কান্দি প্রভৃতি এলাকার আলু চাষিদের দাবি বর্তমান বাজার মুল্যে বিঘাপ্রতি চার হাজার টাকা করে ক্ষতি হচ্ছে চাষিদের। চাষিরা এক কুইন্টাল আলুর দাম পাচ্ছেন মাত্র ২৪০ থেকে ২৬০ টাকা। এক বিঘা জমিতে আলু চাষ করতে খরচ হয়েছে প্রায় ২৩ হাজার টাকা। সেখানে বিঘা প্রতি,আলু উৎপাদন হয়েছে প্রায় ৭৫ থেকে ৮০ কুইন্টাল। কৃষকদের দাবি মাঠ থেকে আলু তোলার পর ক্রেতা পাওয়া যাচ্ছে না। হিমঘরে মজুত করার খরচ উঠছে না বলেও অভিযোগ করেছেন কৃষকরা।

oooooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বিশ্ব উপভোক্তা অধিকার দিবস বা আন্তর্জাতিক ক্রেতা সুরক্ষা দিবস উদযাপিত হচ্ছে। উপভোক্তাদের অধিকার, নিরাপত্তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যকে সামনে রেখে বিশ্বজুড়ে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালিত হয়ে থাকে।

oooooooooooooooooooooo

নিম্নচাপ অক্ষরেখা এবং বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প স্থলভাগে প্রবেশ করায় আজ থেকে কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বিক্ষিপ্ত ভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। আগামীকাল পশ্চিমের জেলাগুলিতে এর গতিবেগ বাড়বে। কোন কোন জেলায় কালবৈশাখীর সম্ভাবনা থাকছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরীশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

( বাইট- সৌরিশ )

আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৫ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে তিন ডিগ্রি বেশি। আজ থেকে মেঘলা আকাশ ও বৃষ্টির কারণে দিনের তাপমাত্রা কিছুটা কমার সম্ভাবনা রয়েছে।

oooooooooooooooooooooo

পূর্ব বর্ধমানের কাটোয়ার অগ্রদ্বীপে শুরু হয়েছে প্রায় ৫০০ বছরের প্রাচীন গোপীনাথের মেলা। মন্দির চত্বরে ভক্তদের ভিড় উপচে পড়ে।

আগামীকাল হবে হবে অন্নমহোৎসব। গোপীনাথের মেলায় প্রতিবছরই লাখো ভক্তের সমাগম হয়। অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে সব ধরনের ব্যবস্থা নিয়েছে প্রশাসন।

ভাগীরথী পাড় সহ মেলা প্রাঙ্গনে বিপর্যয় মোকাবিলা দল নজরদারি চালাচ্ছে। পুলিশের পক্ষ থেকে খোলা হয়েছে কন্ট্রোল রুম ও ওয়াচ টাওয়ার।

দর্শনার্থীদের সুবিধার জন্য তৈরি করা হয়েছে অস্থায়ী শৌচাগার, রাখা হয়েছে পানীয় জলের ব্যবস্থা, মেডিকেল ক্যাম্প।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooo